# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/চট্টগ্রাম-৩১৮/৮৭ তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ / ১৯ আগস্ট ২০২৫

বিষয় : ট্রাস্ট ম্যানেজিং কমিটি বাতিল প্রসঙ্গে

সূত্র : ১। নং-বামাশিবো/প্রশা/চট্টগ্রাম-৩১৮/০৬ তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.;
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর ই-ফাইলে নং ২৩৩২৫১০৫০৫৫১ আইডির আবেদন;
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং বামাশিবো/প্রশা/চট্টগ্রাম-৩১৮/৪৫ তারিখ: ০৮.০৭.২০২৫ ইং;
৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাতকানিয়া, চট্টগ্রাম এর স্মারক নং- ০০.২০.১৫৮২.০০১.২৭.০৫৩.২৫-৮০৫ তারিখ: ১৪ আগস্ট ২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন দারুল ইহসান মহিলা দাখিল মাদ্রাসার ট্রাস্ট ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে পত্রে অনুমোদন দেওয়া হয়। উক্ত অনুমোদিত কমিটি গঠনে মাদ্রাসার সুপারের স্বাক্ষর জাল-জালিয়াতি করে কাগজপত্র তৈরী করে আবেদন করা হয়েছে মর্মে মাদ্রাসার সুপার জনাব মুহাম্মদ নাছির উদ্দিন কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়। অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রামকে পত্র দেওয়া হয়। পত্রের আলোকে উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম কর্তৃক তদন্ত পূর্বক সূত্রোক্ত ৪নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। তদন্ত কর্মকর্তা কর্তৃক মতামতে উল্লেখ করা হয়েছে "মাদ্রাসা সংশ্লিষ্ট ডকুমেন্টে এবং ট্রাস্ট পরিচালনা কমিটির রেজুলেশনে দারুল ইহসান মহিলা দাখিল মাদ্রাসার সুপার জনাব মোহাম্মদ নাছির উদ্দীন এঁর প্রদত্ত স্বাক্ষর সমূহ মিল রয়েছে। কিন্তু ২৫.০২.২০২৫ তারিখে নতুন অনুমোদিত কমিটির জন্য রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর দাখিলকৃত আবেদনে প্রদত্ত স্বাক্ষরে গরমিল পরিলক্ষিত হয়। তাছাড়া বিগত ২৪.০৪.২০২৫ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাদ্রাসার নিয়মিত পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটির সভার রেজুলেশনে মাদ্রাসা পরিচালনার জন্য ২৫.০২.২০২৫ তারিখে ষড়যন্ত্রমূলকভাবে ভুয়া ট্রাস্ট কমিটি অনুমোদন নেওয়া হয়েছে বিধায় আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সুতারাং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক ২৫.০৫.২০২৫ তারিখে অনুমোদিত কমিটি বিধি মোতাবেক বাতিলের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর ০৯.০১.২০২৫ তারিখের পত্র মোতাবেক উক্ত মাদ্রাসা পরিচালনার জন্য এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা যেতে পারে।"

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ০১ নং স্মারকের ট্রাস্ট ম্যানেজিং কমিটি এতদ্দারা বাতিল করা হলো। মাদ্রাসা পরিচালনার স্বার্থে মাদ্রাসা প্রধানকে এডহক কমিটি গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৭.৮.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার, দারুল ইহসান মহিলা দাখিল মাদ্রাসা,
কাঞ্চনা, সাতকানিয়া, চট্টগ্রাম;

নং-বামাশিবো/প্রশা/চট্টগ্রাম-৩১৮/৮৭ তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ / ১৯ আগস্ট ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম
৪. উপজেলা শিক্ষা অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম
৫. জনাব মুঈনুদ্দীন আহমদ, সভাপতি, ট্রাস্ট ম্যানেজিং কমিটি, দারুল ইহসান মহিলা দাখিল মাদ্রাসা, কাঞ্চনা, সাতকানিয়া, চট্টগ্রাম;
৬. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রনী ব্যাংক লি: .................. শাখা, সাতকানিয়া, চট্টগ্রাম;
৭. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd